১৫৫

দৈনিক ইনকিলাব

তারিখ MAY 14 1999
পৃষ্ঠা ৩ কলাম ৭



ইনকিলাব ঃ জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি হাবিবুন্নবী সোহেল গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাসমুক্ত শিক্ষাঙ্গন প্রতিষ্ঠার দাবীতে এক ছাত্র সমাবেশে বক্তব্য রাখেন

# সরকার শিক্ষাঙ্গনকে ধ্বংস করে মস্তানদের আস্তানায় পরিণত করেছে

## —ছাত্রদল সভাপতি

স্টাফ রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি হাবিবুন্নবী সোহেল বলেছেন, আওয়ামী ফ্যাসিস্ট সরকার শিক্ষাঙ্গনকে ধ্বংস করে পবিত্র ক্যাম্পাসকে টোকাই মস্তানদের আস্তানায় পরিণত করেছে। ঢাকা বিশ্ববিদ্যালয়সহ সারাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোতে এখন শিক্ষার কোন পরিবেশ নেই। এই অবস্থা থেকে মুক্তির জন্য মানবতাবিরোধী গণতন্ত্র হত্যাকারী, ফ্যাসিস্ট সরকারকে গণআন্দোলনের মাধ্যমে বিতাড়িত করার কোন বিকল্প নেই। তিনি গতকাল (বৃহস্পতিবার) ঢাকা বিশ্ববিদ্যালয়ের অপরাজেয় বাংলার পাদদেশে অনুষ্ঠিত এক সামবেশে বক্তৃতাকালে একথা বলেন। সমাবেশ শেষে ছাত্রদল কর্মীরা ঢাকা বিশ্ববিদ্যালয়ে ছাত্র লীগের অব্যাহত সন্ত্রাস, বহিরাগত অছাত্র সন্ত্রাসীদের গ্রেফতার ও বৈধ ছাত্রদের হলে ফিরিয়ে নেয়ার দাবীতে ভাইস চ্যান্সেলরের কাছে স্মারকলিপি পেশ করে। মিছিলসহ ভিসি অফিসের গেটে পৌছে তারা প্রক্টর প্রফেসর নুরুন্নবীকে 'ধর ধর' বলে ধাওয়া করে।

সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রদলের সাধারণ সম্পাদক নাসিরুদ্দীন পিন্টু, সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর এলাহী, সহ-সভাপতি মনোয়ার হোসেন রানা, সাংগঠনিক সম্পাদক এ বি এম মোশাররফ হোসেন, যুগ্ম সম্পাদক বজলুল বাসিত আনজু, মনির হোসেন প্রমুখ।

বক্তাগণ বলেন, বর্তমান সরকারের নগ্নতা আজ বিভৎসতায় রূপ নিয়েছে। প্রকাশ্য রাজপথে পুলিশ কর্তৃক মহিলার বস্ত্র হরণের ঘটনা পৌরানিক কাহিনীর প্রকাশ্য রাজসভায় দ্রৌপদীরবস্ত্র হরণের কাহিনীই স্মরণ করিয়ে দেয়। একালে এই কাহিনীর জন্মদাতা ওসি হানিফকে দেশবাসী ক্ষমা করবে না।